



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



পত্র নং: ৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২২. ২২৪০


তারিখ: ২২.১১/২০২২ খ্রি.

বিষয়: ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক গ্রহণপূর্বক অনলাইন চালানে প্রাপ্তি স্বীকার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে অবগত করা যাচ্ছে যে, দেশের সকল শিক্ষার্থীর মাঝে ২০২৩ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণপূর্বক ১ জানুয়ারি সরবরাহের বিষয়টি সরকারের একটি অগ্রাধিকারভুক্ত ও জনগুরুত্বপূর্ণ কার্যক্রম। উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ও শিক্ষা মন্ত্রণালয়ের সার্বক্ষণিক তত্ত্বাবধানে এনিসিটিবি দেশের সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে পাঠ্যপুস্তক সরবরাহ নিশ্চিত করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়াও সরকারের অঙ্গীকার বাস্তবায়নে প্রতি শিক্ষাবর্ষে পাঠ্যপুস্তক গ্রহণ, সংরক্ষণ ও শিক্ষার্থীদের হাতে পৌঁছানো পর্যন্ত মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) এর আওতাধীন সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস সহযোগীতা প্রদান করে থাকে। প্রতি শিক্ষাবর্ষে সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস পাঠ্যপুস্তক গ্রহণ করে অনলাইনে প্রাপ্তি স্বীকার করে। তারই ধারাবাহিকতায় ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক গ্রহণের ০১ কর্মদিবসের মধ্যে অনলাইন (www.textbook.gov.bd/brs) লিংকে প্রবেশ করে এনিসিটিবি কর্তৃক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করে চালান অনুমোদন দেওয়ার জন্য জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

চাহিদা ইনপুট/ ইউজার আইডি পাসওয়ার্ড সংক্রান্ত কোনো ধরনের সমস্যা হলে এপ্লিকেশনের জরুরি যোগাযোগ লিংক এ ক্লিক করে দায়িত্বপ্রাপ্ত এনিসিটিবির সহায়তাকারীর সহায়তা নেওয়ার অনুরোধ করা হলো। এছাড়া চাহিদা আপলোডের জন্য অনলাইনের ব্যবহার নির্দেশিকা অনুসরণের অনুরোধ করা হলো।

মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)
১৬, আব্দুল গণি রোড, বাংলাদেশ, ঢাকা-১০০০।


(প্রফেসর মো: ফরহাদুল ইসলাম)
চেয়ারম্যান, এনিসিটিবি
ফোন: ২২৩৩-৮৫৪৩২
ই-মেইল: chairman@nctb.gov.bd

পত্র নং: ৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২২. ২২৪০(০৩)/০৪

তারিখ: ২২.১১/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)
- ২-৫. সদস্য (পাঠ্যপুস্তক/অর্থ/শিক্ষাক্রম/প্রাথমিক শিক্ষাক্রম), এনিসিটিবি
৬. সচিব, এনিসিটিবি
৭. বিতরণ নিয়ন্ত্রক/প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, এনিসিটিবি
- ৯-১০. উপ-পরিচালক (আঞ্চলিক) - (সকল) [জেলা শিক্ষা অফিসকে অবহিত করার অনুরোধসহ]
১১. প্রোগ্রামার, এনিসিটিবি (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১২. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল) [উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসকে অবহিত করার অনুরোধসহ]
১৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
১৪. পিএটু চেয়ারম্যান, এনিসিটিবি


(মোহাম্মদ রফিকুল ইসলাম)
বিতরণ নিয়ন্ত্রক, এনিসিটিবি
ফোন: ২২৩৩-৮৯০৩২
ই-মেইল: distcontroller@nctb.gov.bd